এ সরকার দেশকে ফোকলা করে দিয়েছেন– আমিরুজ্জামান খান শিমুল

এ সরকার দেশকে ফোকলা করে দিয়েছেন। সরকারের নিকটতম মানুষ ও আওয়ামী লীগের বড় বড় নেতারা দেশ থেকে হাজার হাজার কোটি টাকা পাচার করেছেন। সোমবার বিকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি আয়োজিত বিক্ষোভ মিছিল ও সমাবেশে এ কথা বলেন,সমাবেশের প্রধান অতিথি ও কেন্দ্র বিএনপি তথ্য ও গবেষণা বিষয়ক সহ সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

সমাবেশে সভাপতিত্ব করেন,কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক,সাংগাঠনিক সম্পাদক হারুন অর রশিদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম,এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক। এ ছাড়া উপস্থিত ছিলেন,উপজেলা যুবদলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজ আলম মামুন,দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইয়া।

সোমবার বিকালে মিছিলটি কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ড থেকে বের হয়। আর কোটচাঁদপুর বাজার চত্বরে এসে শেষ হয়। এরপর বাজার চত্বরের বিএনপির কার্যালয়ের সামনে বিক্ষোভ সমাবেশ করেন দলটি। এ সময় তারা পুলিশের হাতে আটক নেতা কর্মীদের মুক্তির দাবি করেন। নিন্দা জানান নেতা কর্মীদের বাড়ি বাড়ি গিয়ে হয়রানি করার। সমাবেশ সঞ্চালনায় ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত

মুজিবনগরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর ব্যক্তিগত উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

পৌষের শেষে এবং মাঘ মাসের শুরুতে মুজিবনগরে বেড়েছে শীতের তীব্রতা। চলছে শত্য প্রবাহ বিপর্যস্ত জনজীবন। কষ্টে দিনপার করছে খেটে খাওয়া নিম্নবিত্তরা। তাদের এই কষ্ট কিছুটা লাঘব করে কিছুটা উষ্ণতা প্রদানের উদ্যোগ নিয়েছে মেহেরপুর ১ আসনের এমপি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বিতরণ করছেন শীত বস্ত্র।

তারই ধারাবাহিকতায় রবিবার দুপুরে ইয়াং বাংলা ফিউচার লিডার্স, মুজিবনগর উপজেলা শাখার আয়োজনে, জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি এর নিজস্ব উদ্যোগে মুজিবনগর আদর্শ মহিলা কলেজ প্রাঙ্গণে ইয়াং বাংলা ফিউচার লিডার্স মুজিবনগর উপজেলার সদস্যদের মাধ্যমে প্রায় ৪ শতাধিক দুস্থ অসহায় শীতার্থদের হাতে শীত নিবারণের শীত বস্ত্র তুলে দেওয়ার জন্য জনপ্রশাসন প্রতিমন্ত্রীর সহধর্মিনী কেন্দ্রীয় যুবমহিলা লীগের সদস্য সৈয়দা মনালিসা ইসলাম শীতবস্ত্র কম্বল বিতরণ করেন।

এসব কম্বল উপজেলার ইয়াং বাংলা ফিউচার লিডারের সদস্যরা বাড়ি বাড়ি গিয়ে অসহায় শীতার্থদের মাঝে বিতরণ করবেন।

শীত বস্ত্র বিতরণ উপলক্ষে মুজিবনগর আদর্শ মহিলা কলেজ প্রাঙ্গনে অনুষ্ঠানের আয়োজন করা হয় অনুষ্ঠানে ইয়ং বাংলা ফিউচার লিডার্স মুজিবনগর উপজেলা শাখার সভাপতি হাসানুজ্জামান লালটু সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী সহধর্মিনী কেন্দ্রীয় যুবমহিলা লীগের সদস্য সৈয়দা মনালিসা ইসলাম। ইয়ং বাংলা ফিউচার লিডার মুজিবনগর উপজেলার সাধারণ সম্পাদক মতিউর রহমান মতিনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইয়াং বাংলা ফিউচার লিডার্স মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক ইব্রাহিম আলী, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুবুদ্দিন আহমেদ।

এ সময় ইয়াং বাংলা ফিউচার লিডার্স মুজিবনগর উপজেলার ইউনিয়ন ওয়ার্ড পর্যায়ের নেতা কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে ডা. নাজমুল হক সাগরের গণসংযোগ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা তুলে ধরতে মেহেরপুরের গাংনীতে গণসংযোগ করেছেন ডা. এএসএম নাজমুল হক সাগর।

শনিবার বিকেলে গাংনী পৌর এলাকায় তিনি এ গণসংযোগ করেন। এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহজাহান আলী,গাংনী পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক জীবন আকবর,মটমুড়া ইউনিয়ন কৃষকলীগের সভাপতি ইশতিয়াক আহমেদ চঞ্চল, সাবেক ছাত্রনেতা সরওয়ার বাবু,গাংনী উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি তরিকুল ইসলাম উজ্জ্বল, যুগ্ম-সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম,সহ-সম্পাদক নয়ন আলী,মটমুড়া ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক শাহারুল ইসলাম, ছাত্রলীগ নেতা কনিক, শ্রমিক লীগ নেতা পলাশ,হাফিজুর, মতিসহ আরো অনেকে।

গণসংযোগ কালে ডা. সাগর বলেন,জননেত্রী শেখ হাসিনা সরকারের বহুমুখী উন্নয়ন জনগণের মাঝে তুলে ধরেন এবং আগামী নির্বাচনে আবারো আওয়ামী লীগ সরকারকে জয়ী করতে জনগণকে আহবান জানান।আওয়ামী লীগ সরকারের উন্নয়ন ধরে রাখতে তিনি গাংনীর আপামর জনসাধারণকে সাথে নিয়ে মাঠে থাকার প্রতিশ্রুতি দেন। গাংনীর সকল শ্রেণী পেশার মানুষ আগামী নির্বাচনে আমাকে নৌকার কান্ডারী হিসেবে দেখতে চান এবং আমার নেতৃত্বে গাংনীর উন্নয়ন ঘটাতে ঐক্যবদ্ধ হন।

মেহেরপুরে বঙ্গবন্ধুর স্বদেশ

প্রত্যাবর্তন দিবস পালিত

মেহেরপুরে জেলা আওয়ামী লীগের উদ্যোগে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন (জুমের মাধ্যমে)’র সভাপতিত্বে সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলামের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য দেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. ইয়ারুল ইসলাম, সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আঃ মান্নান, আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান মতি, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ জামান, মেহেরপুর শহর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আক্কাচ আলী, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষনা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক সফিকুল ইসলাম, শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান মতিয়ার রহমান মতিন, সদর উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু বক্তব্য রাখেন।

দর্শনায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

দর্শনায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মহান স্থপতি জাতিরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০ টায় দর্শনা পৌর আ.লীগের উদ্দ্যগে দর্শনা রেলবাজারে অবস্থিত পৌর আ.লীগের কার্যালয়ে দিবসটি উপলক্ষেবঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন শেষে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের দিক তুলে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব ও পৌর আ.লীগের যুগ্ন সম্পাদক গোলাম ফারুক আরিফের সভাপতিত্বে ও উপস্থাপনায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের দিক তুলে সংক্ষিপ্ত আলোচনা করেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা পৌর ১নং ওয়ার্ড আ.লীগের সভাপতি জয়নাল আবেদীন নফর, ২নং ওয়ার্ড আ.লীগের সাধারন সম্পাদক আব্দুল হাকিম, ৬নং ওয়ার্ড আ.লীগের সহ-সভাপতি সোলায়মান কবীর, দর্শনা সিএ্যান্ডএফ এ্যাসোসিয়েশনের সাধারন সম্পাদক ও আ.গীগ নেতা আতিয়ার রহমান হাবু, আখচাষী কল্যান সমিতির সভাপতি ও আ.লীগ নেতা আব্দুল হান্নান, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, যুবলীগ নেতা হীরণ, দর্শনা পৌর ছাত্রলীগের সহ-সভাপতি আশরাফুল আলম, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, সাধারন সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু, অপু সরকার, লোমান, রায়হান, প্রভাত আলম সহ আ.লীগ, যুবলীগ, পৌর ও কলেজ ছাত্রলীগের নেতৃবৃন্দ।

কোটচাঁদপুরে স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

যথাযোগ্য মর্যাদায় কোটচাঁদপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে জাতির জনক বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে মঙ্গলবার বিদ্যালয়ে আলোচনা সভা করা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহাক আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অভিভাবক সদস্য মোঃ মোমেন আল আরাফাত সোহেল, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

অভিভাবক সদস্য মোঃমঈন উদ্দিন খান, মোঃ সাইফুর রহমান মিন্টু ,মোঃ মফিদুল ইসলাম,সহকারী প্রধান শিক্ষক এসএম হুমায়ুন কবির শিক্ষক প্রতিনিধি মোঃ রবিউল ইসলাম মো: আবু রাসেল,বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্রী মরিয়া ও তাহমিদ ইসফার।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন,সহকারী শিক্ষক শফিকুল ইসলাম। আলোচনা সভায় বক্তারা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যবর্তন দিবসের বিভিন্ন দিক তুলে ধরেন। এ সময় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র /ছাত্রী সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও ঝিনাইদহ ৩ আসনের মাননীয় জাতীয় সাংসদ এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চলের শারিরীক সুস্থ্যতা কামনা করে দোয়া করা হয়।

দামুড়হুদায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার সময় দামুড়হুদা ডাক বাংলা চত্তরে।

বঙ্গবন্ধুর স্বপ্ন ক্ষুধা, দারিদ্র্যমুক্ত ও অসাম্প্রদায়িক চেতনার বাংলাদেশ গড়বোই।

এই শ্লোগানকে সামনে রেখে উক্ত অনুষ্ঠানে জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু’র সভাপতিত্বে, এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক ও সাবেক জেলা পরিষদের সদস্য শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন – সাধারণ সম্পাদক আঃ আজিজ, জেলা পরিষদের নবনির্বাচিত সদস্য এ্যাডঃ সিরাজুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সাধারণ

সম্পাদক হযরত আলী।

দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাবেক আহবায়ক এ্যাডঃ আবু তালেব এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ হাশেম মেম্বার, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মমিন মাস্টার, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীগের সাধারণ সম্পাদক আবু তালেব মাষ্টার,নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী,নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ রাজ্জাক ফাকের মাষ্টার।নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ সালাম, ৩নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইমতিয়াজ হোসেন, দামুড়হুদা উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক শওকত আলী, সহ সভাপতি সাইফুল ইসলাম।দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জামিরুল ইসলাম,সাবেক সাধারণ সম্পাদক নিশান তরফদার।দামুড়হুদা সদর ইউনিয়ন ছাত্র লীগের সভাপতি শেখ সোহেল, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজ ছাত্রলীগের আহবায়ক শাহীন মোল্লা, যুগ্ম আহ্বায়ক আঃ করিম, সাবেক ছাত্রলীগ নেতা আনারুল, দর্শনা কলেজ ছাত্রলীগ নেতা হৃদয় হাসান, নাহিদ বিশ্বাস অনিক , সবুজ সহ স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন, দামুড়হুদা খাঁনপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা জয়নাল আবেদীন।

মুজিবনগরে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

১০ই জানুয়ারী ১৯৭২ সালের এই দিনে পাকিস্তানের সেই অন্ধকার প্রকোষ্ঠ থেকে মুক্তি পেয়ে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে পূর্ণতা পায় বাংলাদেশের স্বাধীনতা। পাকিস্তান থেকে লন্ডন, লন্ডন থেকে দিল্লি এবং দিল্লি থেকে স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন বঙ্গবন্ধুর এই যাত্রা ছিল অন্ধকার থেকে আলোর পথে

যাত্রা।

সেই বিশেষ দিনটিকে স্মরণ করতে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে মঙ্গলবার সকালে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স গেট থেকে উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার নেতৃত্বে একটি র্যালী বের হয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতির পাদদেশে গিয়ে শেষ হয়। সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

পুষ্পস্তবক অর্পণ করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, সম্পাদক নজরুল ইসলাম। দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রহমান বল্টু, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজীব,সম্পাদক শাহিনুর রহমান মানিক, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন, যুব নেতা হাসানুজ্জামান লালটু,আব্দুর রাজ্জাক সহ বিভিন্ন ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সাধারণ সম্পাদক সহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতাকর্মীবৃন্দ।

মেহেপুরে যুগপৎ আন্দোলন ও রাষ্ট্রকাঠামো মেরামত রুপরেখার লিফলেট বিতরণ

মেহেরপুরে বিএনপি ঘোষিত যুগপৎ আন্দোলনের ১০ দফা ও তারেক রহমান-এর রাষ্ট্রকাঠামো মেরামত রূপরেখা’র লিফলেট বিতরণ করেছে জেলা বিএনপি।

আজ শনিবার সকালে মেহেরপুর জেলা বিএনপি ‘র সভাপতি মাসুদ অরুনের

নেতৃত্বে বিএনপির নেতকর্মীরা পথচলতি মানুষ ও বিভিন্ন ব্যবসায়ীদের লিফলেট বিতরণ করেন।

এসময় জেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক সাবেক কমিশনার মনিরুল ইসলাম, মাহবুবুর রহমান, ১নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি ও পৌর বিএনপি’র সহ-সভাপতি হাবিব ইকবাল,জেলা বিএনপি’র সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলি ভূট্টো,জেলা জাসাসের আহ্বায়ক মাহফুজুর রহমান অশেষ,জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজীব খান, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ সহ অন্যান্য অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

বিএনপির ছেড়ে দেওয়া ছয় সংসদীয় আসনে প্রার্থী ৫৩ জন

বিএনপির ছেড়ে দেওয়া ছয়টি সংসদীয় আসনে ৫৩ জন প্রার্থী হয়েছেন। এর মধ্যে ঠাকুরগাঁও-৩ আসনে ছয়জন, বগুড়া-৪ আসনে ৯ জন, বগুড়া-৬ আসনে ১৩ জন, চাঁপাইনবাবগঞ্জ-২ আসনের ৬ জন, চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনে ৬ জন ও ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে ১৩ জন মনোনয়নপত্র দাখিল করেছেন। বিএনপির সাবেক সংসদ সদস্য আবদুস সাত্তার ভূঞা ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে স্বতন্ত্র প্রার্থী হয়েছেন।

বৃহস্পতিবার এসব আসনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ছিল। রাতে নির্বাচন কমিশন প্রার্থিতার এসব তথ্য জানিয়েছে।

ইসির তথ্য অনুযায়ী, বগুড়া-৬, চাঁপাইনবাবগঞ্জ-২ ও চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনে আওয়ামী লীগের প্রার্থী রয়েছেন। বাকি দুই আসনে সরকারি দলের কোনো প্রার্থী নেই। ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে বিএনপির সাবেক সংসদ সদস্য আবদুস সাত্তার ভূঞা প্রার্থী হলেও সেখানে আওয়ামী লীগের প্রার্থী নেই। তবে জাতীয় পার্টির মো. আব্দুল হামিদ এ আসনে প্রার্থী হয়েছেন।

আগামী ১ ফেব্রুয়ারি এসব আসনে ভোটগ্রহণ হবে। প্রার্থীদের

মনোনয়নপত্র বাছাই হবে ৮ জানুয়ারি। প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ১৫ জানুয়ারি।

পীরগঞ্জ (ঠাকুরগাঁও): ঠাকুরগাঁও-৩ (পীরগঞ্জ-রানীশংকৈল) আসনের উপ-নির্বাচনে ৬ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। জেলা নির্বাচন কর্মকর্তা সফিকুল ইসলাম জানান, পীরগঞ্জ উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সহকারী রিটার্নিং অফিসারের দপ্তরে ১৪ দলীয় জোটের প্রার্থী ওয়ার্কার্স পার্টির অধ্যাপক ইয়াসিন আলী ও বাংলাদেশ ন্যাশনাল ফ্রন্ট (বিএনএফ) এর সিরাজুল ইসলাম এবং জেলা নির্বাচন কর্মকর্তার দপ্তরে পার্টির হাফিজ উদ্দিন আহম্মেদ, জাকের পার্টির এমদাদ হোসেন, ন্যাশনাল পিপলস্ পার্টির (এনপিপি) সাফি আল আসাদ ও স্বতন্ত্র প্রার্থী অধ্যক্ষ গোপাল চন্দ্র রায় মনোনয়নপত্র জমা দিয়েছেন।

আশুগঞ্জ (ব্রাহ্মণবাড়িয়া): ব্রাহ্মণবাড়িয়া-২ (আশুগঞ্জ-সরাইল) আসনে ১৩ প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন। আশুগঞ্জে ৪ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন- আশুগঞ্জ উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা বিএনপির সাবেক সভাপতি আবু আসিফ আহমেদ (স্বতন্ত্র), জেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মো. মঈন উদ্দিন (স্বতন্ত্র), বেসরকারি শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের সদস্য সচিব শাহজাহান আলম সাজু (স্বতন্ত্র) ও জাকের পার্টির মনোনীত প্রার্থী জহিরুল ইসলাম জুয়েল।

সরাইলের দায়িত্বপ্রাপ্ত সহকারী রিটার্নিং অফিসার ও জেলা নির্বাচন অফিসার মো. জিল্লুর রহমান বলেন, বুধবার বিকাল ৪টা পর্যন্ত সরাইলে মোট ৮ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন- জাতীয় সংসদ থেকে সদ্য পদত্যাগকারী পাঁচবারের সাবেক সংসদ-সদস্য ও বিএনপি চেয়ারপারসনের সাবেক উপদেষ্টা (বহিষ্কৃত) উকিল আব্দুস সাত্তার ভূঁইয়া (স্বতন্ত্র), জাতীয় পার্টি থেকে দুবারের সাবেক সংসদ-সদস্য জিয়াউল হক মৃধা (স্বতন্ত্র), জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবুল বারী চৌধুরী (স্বতন্ত্র), জাতীয় পার্টি মনোনীত প্রার্থী আব্দুল হামিদ ভাসানী, যুবলীগ নেতা অ্যাডভোকেট আশরাফ উদ্দিন মন্তু (স্বতন্ত্র) ন্যাশনাল পিপলস পার্টির (এনপিপি) মনোনীত প্রার্থী মো. রাজ্জাক হোসেন, সরাইল উপজেলার চুন্টা গ্রামের বাসিন্দা আব্দুর রহিম (স্বতন্ত্র) ও সরাইল উপজেলার নোয়াগাঁও গ্রামের মো. মোহন মিয়া (স্বতন্ত্র)। এছাড়া ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের

কার্যালয়ে আশুগঞ্জ দক্ষিণ তারুয়া গ্রামের (রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রলীগ নেতা) শাহ মফিজ স্বতন্ত্র প্রার্থী হিসাবে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

গোমস্তাপুর (চাঁপাইনবাবগঞ্জ): চাঁপাইনবাবগঞ্জ-২ (গোমস্তাপুর-নাচোল-ভোলাহাট) আসনে ৫ জন মনোনয়নপত্র জমা দিয়েছেন। এর আগে বুধবার আওয়ামী লীগ মনোনীত প্রার্থী জিয়াউর রহমান মনোনয়ন জমা দেন। গোমস্তাপুরে স্বতন্ত্র প্রার্থী হিসাবে আওয়ামী লীগ নেতা রাজশাহী জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মোহাম্মদ আলী সরকার ও গোমস্তাপুর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান খুরশিদ আলম বাচ্চু, জাতীয় পার্টির আ. রাজ্জাক, বিএনএফের নবীউল ইসলাম ও জাকের পার্টির গোলাম মোস্তফা মনোনয়নপত্র জমা দেন।

সূত্র: যুগান্তর